



০০০০ ০০০০০০০০ (০০০০০০০০)

০০০০০০ ০০০০০০০০


Job Category: NGO/Development

Job Source: ০০০০০ ০০০০০

Job Summary

Posted On: 9 Aug 2024

Application Deadline: 25 Sep 2024



নিয়োগ বিজ্ঞপ্তি

কোস্ট ফাউন্ডেশন (www.coastbd.net) একটি মানভিত্তিক বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও), জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (UN ECOSOC) হতে Special Consultative Status প্রাপ্ত। কোস্ট উপকূলীয় দরিদ্র জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নের কৌশলগুলি বিকাশ ও বাস্তবায়নের জন্য কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠানটি ক্ষুদ্রঋণ নিয়ন্ত্রণকারী সংস্থা (এমআরএ) কর্তৃক নিবন্ধিত এবং সনদ নং ০০৯৫৬-০৪০৪১-০০০৬৮। বর্তমানে কোস্ট ফাউন্ডেশন ভোলা, পটুয়াখালী, বরিশাল, বরগুনা, ঝালকাঠি, পিরোজপুর, লক্ষ্মপুর, নোয়াখালী, ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম ও কক্সবাজারসহ মোট ১২ টি উপকূলীয় জেলায় ১৩০ টি শাখা অফিসের মাধ্যমে ক্ষুদ্রঋণ কর্মসূচি পরিচালনা করছে।

কোস্ট ফাউন্ডেশনের ক্ষুদ্রঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে নিম্নোক্ত পদে কক্সবাজার, চট্টগ্রাম, নোয়াখালী, কুমিল্লা জেলাসমূহে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিয়োগের জন্য আবেদন/পূর্ণ জীবন বৃত্তান্ত প্রদানে আহ্বান করছে।

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | সর্বোচ্চ বয়স | অভিজ্ঞতা | পদ সংখ্যা | বেতন |
|-----------|------------------------------|------------------|---------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------|-----------------------------------------------------------------------------------------|
| ০১ | শাখা ব্যবস্থাপক | স্নাতকোত্তর | ৩৫ বছর | যে কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ৩ বছর শাখা ব্যবস্থাপক হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে | ১৫ টি | বেতন ৪৫০৩১ টাকা, এছাড়া মোটর সাইকেল বিল ৩০০০ টাকা ও মোবাইল বিল ৪০০ টাকা প্রদান করা হবে। |
| ০২ | এলাকা ব্যবস্থাপক | স্নাতকোত্তর | ৪০ বছর | যে কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ৩ বছর এলাকা ব্যবস্থাপক হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে এবং ৫-৭ টি শাখা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। | ০৫ টি | বেতন ৫০১১৪ টাকা, এছাড়া মোটর সাইকেল বিল ৩৮৫০ টাকা ও মোবাইল বিল ৬৫০ টাকা প্রদান করা হবে। |
| ০৩ | আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী | স্নাতকোত্তর | ৪০ বছর | যে কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে রিজিওনাল ম্যানেজার হিসেবে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে, এবং ১৫-২০ টি শাখা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। | ০৩ টি | ৭৪৪৯৭ টাকা, এছাড়া মোটর সাইকেল বিল ৬৬০০ টাকা ও মোবাইল বিল ১০০০ টাকা প্রদান করা হবে |

তাছাড়া প্রতিবছর কর্ম দক্ষতার ভিত্তিতে বাৎসরিকভাবে নির্দিষ্ট হারে বেতন বৃদ্ধি হতে পারে। কোন পরীক্ষাতেই তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান (জিপিএ) গ্রহণযোগ্য নয়।

সকল পদের জন্য শিক্ষানবীশ কাল হবে ন্যূনতম ৬ মাস এবং স্থায়ীকরণের পর বেতন ভাতার সাথে প্রভিডেন্ট ফান্ড, ২ টি উৎসব ভাতা (প্রতিটি উৎসব ভাতা একটি মূল বেতনের সমান), গ্রাচুইটি, চিকিৎসা সহায়তা ও নারীদের জন্য সন্তান পরিচর্যা ভাতার ব্যবস্থা আছে। মাঠ পর্যায়ে সপ্তাহে দুই দিন ছুটির ব্যবস্থা রয়েছে এবং পুরুষ কর্মীদের জন্য অফিসে থাকা ও নিজ খরচে খাওয়ার সুব্যবস্থা আছে।

আবেদন/জীবন বৃত্তান্ত পাঠানোর ঠিকানা : কোস্ট ফাউন্ডেশন, মেট্রোমেলাডি (১ম তলা), বাড়ি নং # ১৩, রোড নং # ০২, শ্যামলী, ঢাকা ১২০৭ ডাকযোগে আবেদন পাঠাতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। আবেদন পৌঁছানোর সর্বশেষ সময় ২৫ আগস্ট ২০২৪ ইং বিকেল ৫.০০ ঘটিকা। আবেদন যাচাই বাছাই করে নিবাচিত ব্যক্তিদের পরবর্তীতে ইন্টারভিউর (লিখিত ও মৌখিক পরীক্ষা) জন্য ডাকা হবে।

আবেদনপত্রের সাথে ৩ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি (১৫ দিনের পূর্বে তোলা ছবি গ্রহণযোগ্য নয়), সকল পরীক্ষা পাসের সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদপত্র, চারিত্রিক সনদপত্র, অভিজ্ঞতার সনদ ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের রঙীন অনুলিপি, নিজ উপজেলা পরিষদের ১ম শ্রেণির সরকারি কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ যুক্ত করতে হবে। পরীক্ষার সময় সকল মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

ছাত্র, ধূমপায়ী এবং মটরসাইকেল/বাইসাইকেল চালনায় অনগ্রহীদের আবেদনের প্রয়োজন নাই। কোন প্রার্থীর নারী বা শিশুর প্রতি শোষণ বা যৌন নির্যাতনের কোন অভিযোগ থাকলে বা প্রমাণিত হলে তার প্রার্থীতা বা নিয়োগ প্রক্রিয়া বাতিল হবে। নিবাচিত প্রার্থীদের সর্বদা যৌন শোষণ ও অপব্যবহার থেকে সুরক্ষা নীতি মেনে চলতে হবে। কোন প্রার্থী বা তার পরিবার বাল্য বিবাহের সাথে জড়িত থাকলে তার আবেদন করার প্রয়োজন নেই। নিবাচিত প্রার্থীদের যৌন শোষণ এবং অপব্যবহারের সাথে সম্পর্কিত বিষয়ে তাদের অতীতের আচরণের বিষয়ে রেকর্ড এবং ব্যাকগ্রাউন্ড চেক করা হবে। যেকোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য করা হবে, এমনকি প্রার্থীতা বা বাতিল হতে পারে। শৃঙ্খলা বিধানের স্বার্থে কোস্ট ফাউন্ডেশন নিয়োগ প্রাপ্তদের আইনগত অভিভাবক থেকে নির্দিষ্ট ফরমে অঙ্গীকারনামা গ্রহণ করবে। কোস্ট ফাউন্ডেশন নিয়োগের ক্ষেত্রে নারী প্রার্থীদের অগ্রাধিকার দিবে।

নং-৫১/০৮